# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ গাজীপুর-১৫৪/ ২৯৮২৪ তারিখঃ ০৮/০২/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ** প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র ঃ স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০৮৬.০০৩.১০.১৪-৫০(সং); তারিখঃ ১৮/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন সাগরিয়া বালিকা দাখিল মাদরাসার সুপার জনাব নুরুল আমিন মৃধার বিরুদ্ধে খরাপ আচরণ, কু-প্রস্তাব দেয়া, ভয়-ভীতি প্রদর্শন, ইভটিজিংসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উক্ত মাদরাসার ১০ম শ্রেণির ছাত্রী মারুফা আক্তার উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর বরাবর অভিযোগপত্র দাখিল করেন।

দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। তদন্তে অভিযোগের বিষয়টি সত্য মর্মে প্রতীয়মান হয় এবং তদন্তকারী কর্মকর্তা বর্ণিত সুপারের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সুপার হিসাবে জনাব নুরুল আমিন মৃধার এহেন কার্যকলাপ বেসরকারি মাদরাসা শিক্ষকের চাকুরিবিধি, ১৯৭৮ অনুসারে পেশাগত অসদাচরণ ও শাস্তিযোগ্য অপরাধের সামিল বিধায় বিদ্যমান বিধি বিধানের আলোকে তাঁর বিরুদ্ধে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

8/2/17
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সভাপতি/সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, সাগরিয়া বালিকা দাখিল মাদরাসা, শ্রীপুর, গাজীপুর।

নং- বামাশিবো/প্রশা/ গাজীপুর-১৫৪/ তারিখঃ /০২/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. জেলা প্রশাসক, গাজীপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৪. সুপার, সাগরিয়া বালিকা দাখিল মাদরাসা, শ্রীপুর, গাজীপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীপুর, গাজীপুর

স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০৮৬.০০৩.১০.১৪- ৫৫ (মহ) তারিখ ঃ ১৮/০১/২০১৭ খ্রিঃ

বিষয় ঃ গাজীপুর জেলাধীন শ্রীপুর উপজেলার সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসার সুপার এর বিরুদ্ধে অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র ঃ ১। জনাব মারুফা আক্তার, দশম শ্রেণী, রোল নং ০১, সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসা, শ্রীপুর, গাজীপুর এর ১৬/০১/২০১৭ তারিখের অভিযোগপত্র।
২। জনাব পারভীন আক্তার,একাডেমিক সুপারভাইজার এর তদন্ত প্রতিবেদন।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর এর ১৭/০১/২০১৭ তারিখের উমাশিঅ/শ্রী-গাজী/তদন্ত/ ২৯৪/০৯/২০নং স্মারকপত্র।
৪। দৈনিক সমকাল ও দৈনিক ইত্তেফাক পত্রিকায়সহ বিভিন্ন পত্রিকায় গত ১৭/০১/২০১৭খ্রিঃ তারিখে প্রকাশিত পত্রিকার কাটিং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন বরমী ইউনিয়নে অবস্থিত সাগরিয়া বালিকা দাখিল মাদরাসার ১০ম শ্রেণীর ছাত্রী মারুফা আক্তার, রোল নং -০১ কর্তৃক গত ১৬/০১/২০১৭ খ্রিঃ তারিখে অত্র মাদ্রাসার সুপার জনাব নুরুল আমিন মৃধার বিরুদ্ধে খারাপ আচরণ ও কু প্রস্তাব দেয় মর্মে একটি লিখিত অভিযোগ নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে সরোজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুরকে দায়িত্ব প্রদান করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,শ্রীপুর, গাজীপুর ও জনাব পারভীন আক্তার, একাডেমিক সুপারভাইজার, শ্রীপুর,গাজীপুরদ্বয় উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনদৃষ্টে দেখা যায় সাগরিয়া বালিকা দাখিল মাদরাসার শিক্ষক মন্ডলী ও ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্যসহ তারা জানান যে, সুপার জনাব নুরুল আমিন মৃধার কার্যকলাপ অসামাজিক, শিক্ষা মূলক কোন পদক্ষেপ তার ভিতর নাই। ইভটিজিং এর আওতায় সুপার নুরুল আমিন মৃধাকে শাস্তি প্রদানের দাবী জানান মর্মে লিখিত প্রতিবেদনে উল্লেখ করেছেন। তাছাড়া উক্ত অভিযোগের বিষয়ে গত ১৭/০১/২০১৭খ্রিঃ তারিখে দৈনিক সমকাল,দৈনিক ইত্তেফাক,দৈনিক ভোরের পাতা,দৈনিক আমাদের সময়,দৈনিক বাংলাদেশ সময়,দৈনিক দেশকাল পত্রিকায় প্রকাশিত হয়েছে(কপি সংযুক্ত)।

এমতাবস্থায় সাগরিয়া বালিকা দাখিল মাদরাসার ১০ম শ্রেণীর ছাত্রী মারুফা আক্তার রোল নং -০১ এর দাখিলকৃত অভিযোগ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর,গাজীপুর এর পরিদর্শনকালে মাদরাসার শিক্ষক মন্ডলী ও ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্যগনের মাধ্যমে জানা যায় সুপার নুরুল আমিন মৃধা কর্তৃক অভিযোগকারীকে বিভিন্ন সময়ে খারাপ আচরণ ও কু-প্রস্তাব দেন মর্মে ঘটনা সত্য বলে প্রতিয়মান হয় বিধায় উক্ত সুপার জনাব নুরুল আমিনের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংর্যুক্ত ঃ বর্ণনামতে .............ফর্দ।

মোহাম্মদ আব্দুল আউয়াল
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, গাজীপুর
ফোন ঃ ০৬৮২৫-৫১০০২ (অঃ)
ফ্যাক্স ঃ ০৬৮২৫-৫১৫৩৩
E-mail : unosreepurgazipur@mopa.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বকশিবাজার, ঢাকা-১২১১।

স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০৮৬.০০৩.১০.১৪- তারিখ ঃ ১৮/০১/২০১৭ খ্রিঃ
অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।
১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। জেলা প্রশাসক, গাজীপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীপুর,গাজীপুর।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর।
৫। সভাপতি, সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসা, শ্রীপুর, গাজীপুর।
৬। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, গাজীপুর

# "তদন্ত প্রতিবেদন"

গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন বরমী ইউনিয়নে অবস্থিত সাগরিয়া বালিকা দাখিল মাদ্‌রাসার দশম শ্রেণির ছাত্রী মারুফা আক্তার,রোল-০১ (বর্তমানে দাখিল পরীক্ষার্থী) উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর বরাবরে প্রতিষ্ঠান প্রধান জনাব নূরুল আমিন মৃধা (সুপার) এর বিরুদ্ধে ১৬/০১/২০১৭ তারিখে অসালীন আপত্তিকর লিখিত অভিযোগ করেন। তার প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর,গাজীপুর মহোদয়ের নির্দেশে ১৭/০১/২০১৭ তারিখে সরেজমিনে সাগরিয়া বালিকা মাদ্‌রাসা পরিদর্শণ করা হয়। পরিদর্শণকালে মাদ্‌রাসায় শিক্ষক মন্ডলী (সুপার ব্যতীত) এবং বর্তমান ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য এবং গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন (হাজিরা সংযুক্ত)। পরিদর্শণ কালে অভিযোগকারী এবং সুপার কেহই মাদ্‌রাসায় উপস্থিত ছিলেন না। প্রতিবেদন নিম্নরূপঃ

সাগরিয়া বালিকা দাখিল মাদ্‌রাসা সরেজমিনে পরিদর্শনে দেখা যায় প্রতিষ্ঠানের প্রধান জনাব নূরুল আমিন মৃধা ১৭/০৮/২০১৬ তারিখে অত্র মাদ্‌রাসায় যোগদান করেন। হাজিরা খাতা অনুযায়ী তিনি বিনা অনুমতিতে ০৮/০১/২০১৭ তারিখ থেকে অদ্যাবধি মাদ্‌রাসায় অনুপস্থিত রয়েছেন। উপস্থিত শিক্ষক মন্ডলীর মধ্যে সহ সুপার মাওলানা আব্দুস শাহিদ দাখিল পরীক্ষার্থী মারুফা কর্তৃক অভিযোগ সঠিক বলে জানিয়েছেনএবং বিষয়টি সভাপতি মহোদয়কে অবহিত করেছেন।

মাদ্‌রাসার সিনিয়র শিক্ষক মাওলানা আবব্দুল মতিন শিক্ষার্থী মারুফার অভিযোগ সঠিক বলে জানিয়েছেন। তিনি আরো জানান অত্র মাদ্‌রাসায় ঘটেনি। এঘটনায় মাদ্‌সায় শিক্ষার্থীদের মধ্যে বিরুপ প্রতিক্রিয়ার সৃষ্টি হচ্ছে। লেখাপড়ার বিঘ্ন সৃস্টি হচ্ছে। তিনি আরো জনান সুপার নূরুল আমিন মৃধার সকল কার্যকলাপই অসামাজিক, শিক্ষা মুলক কোন পদক্ষেপ তার ভিতরে নাই। তিনি ইভটিজিং এর আওতায় সুপার নুরূল আমিন মৃধাকে শাস্তি প্রদানের দাবী করেন।

ম্যানেজিং কমিটির শিক্ষক প্রতিনিধি জনাব মার্জিয়া খাতুন বলেন সুপার নূরুল আমিন মৃধা শিক্ষার্থী মারুফাকে বিভিন্ন জায়গায় নিয়ে যাওয়ার প্রস্তাব দিয়েছে যা মারুফা'র মোবাইলে রেকর্ড রয়েছে মর্মে তিনি জানান। সংরক্ষিত মহিলা শিক্ষক প্রতিনিধি জনাব কোহিনুর বেগম জানান মারুফার লিখিত আবেদন অনুযায়ী অভিযোগ সঠিক আছে। তিনি আরো জানান সুপার নুরুল আমিন মৃধা শিক্ষার্থী মারুফাকে প্রায়ই মাদ্‌রাসায় সকাল ৭.০০ ঘটিকায় আসতে বলতো। মাদ্‌রাসার গার্ড বলেন **সুপার প্রায়ই সকালে আসতো কিন্তু** কোন শিক্ষার্থী তখন আসতো না এমনকি মারুফাও আসতো না।

ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য জনাব কবির হোসেন বলেন মারুফার ঘটনাটা একটি ন্যাক্কারজনক ঘটনা। সুপার নূরুল আমিন মৃধা অভিভাবকের দায়িত্ব পালন করেন নাই। তিনি আরো বলেন প্রতিষ্ঠানের স্বার্থে অবিলম্বে সুপার নুরুল আমিন মৃধাকে বরখাস্ত করা প্রয়োজন এবং একই সাথে যথাযথ শাস্তি প্রদান করার দাবী জানান।

অভিযোগকারী মারুফাকে এবং সুপার নুরুল আমিন মৃধাকে উপস্থিত ছিলেন না এবং তাদের কোন বক্তব্য জানা যায়নি। উপস্থিত শিক্ষক মন্ডলী ও অভিভাবক সদস্য গণের বক্তব্য অনুযায়ী সুপারের বিরুদ্ধে আনিত অভিযোগ সঠিক বলে প্রতীয়মান হয়। পরিদর্শনকালে উপস্থিত সহসুপার ও কমিটির সদস্যগণকে মাদ্‌রাসার ম্যানেজিং কমিটির সভাপতির সাথে যোগাযোগ করে অনতি বিলম্বে সভা আহবান করে এবিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে।

১৭/০১/১৭

(মোঃ আতিকুর রহমান খান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মাউশি, শিক্ষা মন্ত্রণালয়,
শ্রীপুর, গাজীপুর।